দৈনিক খবর



তারিখ ...08 SEP 1989... ...
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস আজ

।। স্টাফ রিপোর্টার ।।

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা ইউনেস্কো'র আহবানে অন্যান্য বছরের মত এ বছরও আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হবে। এ উপলক্ষে বাংলাদেশে বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে। এ উপলক্ষে এক বাণীতে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম নিরক্ষরতার অভিশাপ থেকে জাতিকে মুক্ত করার জন্য এক সম্মিলিত প্রয়াস গ্রহণের আহবান জানিয়েছেন। বিভিন্ন কর্মসূচীর মধ্যে রয়েছে বাংলাদেশ ন্যাশনাল ইউনেস্কো ক্লাবস এসোসিয়েশন ইউনিক মিলনায়তনে আলোচনা সভা আজ বিকেল ৪টায়।

লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল–এর উদ্যোগে বিকের ৪টায় হোটেল শেরাটনে 'শিক্ষাই মুক্তি' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হবে।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ''আন্তর্জাতিক সাক্ষরতা দিবস" উপলক্ষে দেয়া বাণীতে বলেছেন, ''বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও ৮ই সেপ্টেম্বর ''আন্তর্জাতিকসাক্ষরতাদিবস'' উদযাপিত হচ্ছে। বাংলাদেশ, যেখানে শতকরা ৭০৯ ভাগ লোক নিরক্ষর, সেখানে এই দিনটি উদযাপন বিশেষতাৎপর্যমন্ডিত।

৭-এর পাতায় দেখুন

ঢাকা ৮ই সেপ্টেম্বর, ১৯৮৯

# আন্তর্জাতিক সাক্ষরতা

প্রথম পৃষ্ঠার পর

জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা ইউনেস্কোর আহবানে ১৯৬৭ সাল থেকে এই দিবসটি পালিত হয়ে আসছে। বাংলাদেশে নিরক্ষতার বিরুদ্ধে সংগ্রাম জোরদার করার জন্য প্রয়োজন ব্যাপক সচেতনতা সৃষ্টি ও সম্মিলিত প্রয়াস।

রাষ্ট্রপতি এরশাদের নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকার ২০০০ সালের মধ্যে সকলের কাছে শিক্ষার সুযোগ পৌছে দিতে বদ্ধপরিকর। এ লক্ষ্যে সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্প ও গণশিক্ষা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। রাষ্ট্রপতি এরশাদ পথকলি ট্রাস্ট গঠনের মাধ্যমে এ লক্ষ্যে নতুন মাত্রার সংযোজন করেছেন। সরকারের প্রচেষ্টার পাশাপাশি বেসরকারী উদ্যোগও আজ ব্যাপকভাবে পরিলক্ষিত হচ্ছে।

এই প্রেক্ষাপটে এবারের ''আন্তর্জাতিক সাক্ষরতা দিবস" উদযাপন বিশেষ গুরুত্ব বহন করে। জাতিসংঘের উদ্যোগে ১৯৯০ সাল ''আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষ" হিসেবে উদযাপিত হবে। আগামী বছর থেকে শুরু হবে আমাদের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা। এর প্রাক্কালে এ বছরের এই দিবসটি আমাদের জনগণের মাঝে নিরক্ষরতা বিরোধী চেতনা শাণিত করুক এই কামনা করি। আমি এই দিবস পালন উপলক্ষে সকলকে বিশেষতঃ শিক্ষিত জনগোষ্ঠীকে নিরক্ষরতার অভিশাপ থেকে জাতিকে মুক্ত করার জন্য সম্মিলিত প্রয়াস গ্রহণের আহবান জানাই।"

## কর্মসূচী

'ইন্টারন্যাশনাল টাস্ক ফোর্স অন লিটারেসী, বাংলাদেশ–এর উদ্যোগে আজ সকাল সাড়ে ৭টায় সাক্ষরতা মিছিল হবে। মিছিল ধানমন্ডি মাঠ (কলাবাগান স্টাফ কোয়ার্টারের পশ্চিম পার্শ্বে) থেকে জাতীয় প্রেস ক্লাব পর্যন্ত চলবে।

তাছাড়া আইটিএফএল সকাল ১০টায় ঢাকাস্থ আহসানিয়া মিশনে এক সেমিনারের আয়োজন করেছে। এতে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলাম। একই স্থানে বিকেল ৪টায় 'সাক্ষরতা কার্যক্রমে মহিলাদের ভূমিকা' শীর্ষক সেমিনার হবে। প্রধান অতিথি থাকবেন গুল আফরোজ মাহবুব।

ঢাকা আহছানিয়া মিশনের উদ্যোগে ৮ই সেপ্টেম্বর গাজীপুর, কিশোরগঞ্জ, গাইবান্ধা, সাতক্ষীরা এবং টংগীতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের তাৎপর্যের উপর আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

বাংলাদেশে কর্মরত আইরিশ সাহায্য সংস্থা ''কনসার্ন" এবারের আন্তর্জাতিক সাক্ষরতা দিবস (৮ই সেপ্টেম্বর) উপলক্ষে নিজেদের প্রজেক্টগুলোর বয়স্ক শিক্ষা ও প্রাথমিক শিক্ষা ক্লাসগুলোতে বিশেষ অনুষ্ঠানাদির ব্যবস্থা করেছে– যেমন, গল্প বলা, চিঠি লেখা, কবিতা পড়া, পোস্টার ও ছবি আঁকার প্রতিযোগিতা ইত্যাদি। এই অনুষ্ঠান আয়োজনে শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাপক সাড়া পাওয়াগেছে।

জাতীয় সমবায় ইউনিয়নের উদ্যোগে আজ সকাল ১০টায় ৯/ডি, মতিঝিলস্থ সমবায় সদনের ৭ম তলার মিলনায়তনে 'সমবায়ের মাধ্যমে সাক্ষরতা এবং সাক্ষরতার মাধ্যমে সমবায়' বিষয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন সমবায় সমিতিসমূহের নিবন্ধক ডঃ সাদত হুসাইন। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী। সভায় মূল বিষয়ের ওপর প্রবন্ধ উপস্থাপন করবেন বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এ কে এম জহিরুলহক।

ঢাকা সেন্ট্রাল লায়ন্স ক্লাব ও শাহজাহানপুরস্থ শ্রমজীবী সমাজ কল্যাণ সংসদের যৌথ উদ্যোগে আজ সকাল ১০ টায় সংসদ কর্তৃক পরিচালিত দরিদ্র ছেলেমেয়েদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ করা হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন লায়ন্স জেলা ৩১৫–বি বাংলাদেশ–এর জেলা গভর্ণর লায়ন এম সিরাজুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে যোগ দিবেন রিজিয়ন চেয়ারম্যান লায়ন মোহাম্মদ তোহা।

ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায় বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশনের উদ্যোগে আজ বিকেল ৪টায় ঢাকার ধানমন্ডিস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রে এক আলোচনা সভা ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আলোচনায় পূর্তমন্ত্রী মোস্তফা জামাল হায়দার, জাতীয় সম্প্রচার কর্তৃপক্ষের চেয়ারম্যান সাইফুল বারী, ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের পরিচালক ও ইউএনডিপি'র আবাসিক প্রতিনিধি আলিং দেশাউ, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব আবদুস সেলিম, সাংবাদিক ইকবাল সোবহান চৌধুরী এবং এডভোকেট রেজাউর রহমান অংশ নিবেন।

বাংলাদেশ জাতিসংঘ সমিতি আগামীকাল বিকেল চারটায় মীরপুরস্থ ডঃ মুহম্মদ শহীদুল্লাহ আদর্শ বিদ্যাপীঠ প্রাঙ্গণ একটি আলোচনা সভার আয়োজন করেছে। আলোচনায় অংশগ্রহণ করবেন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের প্রাক্তন সদস্য ও বিদ্যাপীঠের ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান জনাব আ ফ মুহম্মদ সফিউল্লাহ। স্বনির্ভর বাংলাদেশের সাক্ষরতা প্রশিক্ষক মিঃ সামন্ত ভদ্র বড়ুয়া এবং বিদ্যাপীঠের প্রধান শিক্ষক এম এ আউয়াল সিদ্দিকী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসরসালাহউদ্দিনআহমদ।